# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVII YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 APRIL No 03


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

মার্ক ১৬: ৯-১৬

৯। সপ্তাহের প্রথম দিনে প্রত্যুষে যীশু সমাধি থেকে উত্থিত হয়ে প্রথমে মাগ্দালাবাসী মরিয়মকে দর্শন দেন, যাঁর মধ্য থেকে তিনি সাতটি ভূত বিতাড়িত করেছিলেন।

১০। তিনি গিয়ে যাঁরা যীশুর সঙ্গে ছিলেন এবং ক্রন্দন ও বিলাপ করছিলেন, তাঁদের কাছে সেই সংবাদ দিলেন।

১১। তাঁরা যখন শুনলেন যে, যীশু জীবিত আছেন ও মরিয়ম তাঁকে দর্শন করেছেন, তাঁরা সেকথা বিশ্বাস করলেন না।

১২। এরপর যীশু ভিন্ন রূপে অপর দুজন শিষ্যকে দর্শন দিলেন। তাঁরা পদব্রজে একটি গ্রামের উদ্দেশে যাচ্ছিলেন।

১৩। তাঁরাও ফিরে এসে অন্য সবার কাছে সেকথা বললেন, কিন্তু তাঁরা তাদের কথাও বিশ্বাস করলেন না।

১৪। পরে এগারজন শিষ্য যখন আহার করছিলেন, যীশু তাঁদের কাছে আবির্ভূত হলেন, তাঁদের বিশ্বাসের অভাব দেখে ও পুনরুত্থানের পরে যাঁরা তাঁকে দেখেছিলেন, তাঁদের কথা কিছুতেই বিশ্বাস করতে রাজি না-হওয়াতে তিনি তাঁদের তিরস্কার করলেন।

১৫। তিনি তাঁদের বললেন, "তোমরা সমস্ত জগতে যাও ও সমস্ত সৃষ্টির কাছে সুসমাচার প্রচার করো।

১৬। যে বিশ্বাস করে ও বাপ্তাইজিত হয়, সে পরিত্রাণ পাবে, কিন্তু যে বিশ্বাস করে না, তার দণ্ডাদেশ করা হবে।

## পুনরুত্থানের পশ্চাতে আশা !

(অনারারী প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)

THE HOPE BEHIND RESURRECTION!

ঈস্টার হচ্ছে আশার নবায়নের একটি অনুষ্ঠান উদ্‌যাপন—একটি সময় যখন সমস্ত হতাশা খ্রীষ্টের পুনরুত্থানের মাধ্যমে আনন্দে রূপান্তরিত হয়। তথাপি, আমাদের ব্যস্ত জীবনের এবং বিরামহীন সংগ্রামের মধ্যে আশা কয়েক সময় সুদূর বলে অনুভূত হয়। কয়েকটি মুহূর্ত আসে যখন আমাদের বিশ্বাস কম্পিত হয়, যখন সন্দেহ আমাদের দর্শনকে মেঘাচ্ছন্ন করে, এবং যখন আমরা কাজে ঈশ্বরের হাত উপলব্ধি করার জন্য সংগ্রাম করি। আপনি যদি কখনও অনিশ্চয়তার দ্বারা বিহ্বল হন, তখন মনে রাখবেন আপনি একা নন।



লূক ২৪:১৩-৩৫ পদে ইম্মায়ূর পথে দুজন শিষ্যের গল্পটি, এই সত্যটিকে শক্তিশালীভাবে ব্যাখ্যা করে। যীশু আমাদের পাশে হাঁটেন, তিনি আমাদের বিশ্বাসকে উদ্দীপ্ত করতে এবং আমাদের আশা পুনরুদ্ধার করতে প্রস্তুত আছেন।

### অবিশ্বাসের বোঝা

দুজন শিষ্যের ধূলোধূসরিত পথে হেঁটে যাওয়ার চিত্রটি কল্পনা করুন, দুঃখে তাদের পদক্ষেপগুলো ভারী হয়ে এসেছে এবং হতাশায় তাদের হৃদয় ভারাক্রান্ত। তারা যীশুর উপর তাদের সমস্ত আশা

(ক্রমশঃ, ৩ পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

Message & Prayer in 5 minutes!!

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
**EX MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.
**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.
**EDITOR, PUBLISHER & PRINTER**



Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858
**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**"কারণ এই ঈশ্বর অনন্তকাল ধরে আমাদের ঈশ্বর; তিনি শেষ পর্যন্ত আমাদের পথ প্রদর্শক হবেন (গীত ৪৮: ১৪)।**

খ্রীষ্টে প্রিয়তমেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের মূল্যবান নামে আপনাদের শুভেচ্ছা জানাই! প্রভু মঙ্গলময়, এবং তাঁর অনুগ্রহ চিরকাল স্থায়ী। ২ বংশাবলি ৭:৩

ঈশ্বরের বিশ্বস্ততার দ্বারা, ১৯৬৯ সাল থেকে শুরু করে ৫৫টি বছর ঈশ্বর আমাদের পরিচর্যাকে পরিচালিত করে আসছেন। আমাদের ম্যানেজিং ডাইরেকটর এবং আমাদের পুত্র পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম যিনি সব সময় আমাদের পাশে থেকেছেন এবং হাতে হাত মিলিয়ে প্রভুর সেবা করেছেন, তিনি ১৩।০২।২০২৫ তারিখে তাঁর দৌড় প্রতিযোগিতা সম্পূর্ণ করেছেন এবং প্রভুর উপস্থিতির মধ্যে প্রবেশ করেছেন। তাঁর জীবন এবং মিশনে বিগত ৩০ বছর যাবৎ তাঁর অবদানের জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি। আমরা আবার তাঁর সঙ্গে মিলিত হবো। আমরা আপনাদের প্রার্থনা কামনা করি।



সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী

আগামী আগস্ট মাসের 8, 9 এবং 10 তারিখে সন্তোষপুরম বিদ্যালয় প্রাঙ্গণে তাঁর আহ্বানের প্রতিধবনি পরিচর্যার ৫৬ বর্ষপূর্তি উপলক্ষ্যে অনুষ্ঠান হবে। এই অনুষ্ঠানগুলি চলাকালীন এবং আমাদের সমস্ত পরিচর্যাকারী, এবং আমরা আপনাদের প্রার্থনায় এবং সহভাগিতায় আমাদের সঙ্গে যোগদান করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি।

আমরা আপনাদের কাছে আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে আমাদের প্রিয় কন্যা সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী, অবৈতনিক প্রধান সম্পাদিকাকে আমাদের কার্যালয়গুলির প্রধান পরিচালিকার পদে নিযুক্ত করা হয়েছে, তাঁর সঙ্গে অন্যান্য বিভিন্ন পদে অন্য সদস্যদেরও উৎসর্গীকৃত করা হয়েছে। আমরা আমাদের দল এবং পরিচর্যা অংশীদারদের অনুরোধ করছি এই মিশনটিকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য আপনারা তাঁকে প্রার্থনায় এবং সমস্ত দিক থেকে পূর্ণ সমর্থন ও সহযোগিতা করুন।

## আন্তর্জাতিক যিহোশূয় যোদ্ধাগণ

বিগত তিন বছর যাবৎ, আমাদের **আন্তর্জাতিক যিহোশূয় যোদ্ধাগণ** নিম্নলিখিত পরিচর্যাগুলির সঙ্গে যুক্ত আছে:

**১। যুব এবং শিশু পরিষেবার জন্য বিশ্ব দর্শন: বিভিন্ন দেশে রাত ১০টায় প্রার্থনার সময় নির্ধারিত করা হয়েছে। আমরা আপনাদের প্রার্থনা করার জন্য উৎসাহিত করছি :**

***"প্রভু, অনুগ্রহ করে সারা বিশ্বের যুবক, মহিলা এবং শিশুদের স্মরণ করুন।"***

এই বছরগুলিতে ঈশ্বর আমাদের মণ্ডলীগুলিতে যুবক যুবতীদের শক্তিশালীভাবে পরিচালিত করছেন। আপনি এই প্রার্থনার দলে যোগদান করতে পারেন। আপনি যেখানে থাকেন সেখানে প্রতিদিন রাত ১০টার সময় এই প্রার্থনাটি করতে পারেন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।


Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) • BIBLECOR - Postal Courses (3 languages) • YouTube Ministry • Online Courses • Theological Correspondence Courses (2 languages) • Church Planting • Nehemiah Bible Colleges • Gospel Printing Press • Great Commission Partners • St. Paul's Matriculation School • Crusades • Community Development

**২। ২৪ ঘণ্টাব্যাপী প্রার্থনা শৃঙ্খল:**

বিশ্ব উদ্দিপনা এবং লোকদের সমস্ত প্রয়োজনগুলির ভারসহ, আমরা সারা সপ্তাহের প্রতিদিন অবিরত প্রার্থনা শৃঙ্খলের ব্যবস্থা করেছি। আমরা আপনাকে আপনার সুপ্রাপ্য সময় অনুযায়ী এক ঘন্টা প্রার্থনায় স্বাক্ষর করার দ্বারা অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছি। অনুগ্রহ করে আপনার নাম, মোবাইল নম্বর, এবং নির্ধারিত সময় আমাদের কার্যালয়ে পাঠিয়ে দিন।

**৩। সেমিনার, ক্যাম্প এবং ওয়ার্কশপ:**

আন্তর্জাতিকভাবে, বিভিন্ন খ্রীষ্টিয় সম্প্রদায় নির্বিশেষে সারা পৃথিবীতে যুবক যুবতী এবং মহিলাদের প্রভু যীশু খ্রীষ্টের সাক্ষী হিসাবে গড়ে তোলার উদ্দেশে যুবক যুবতী এবং শিশুদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

আপনি যদি আমাদের এই বিশ্ব প্রার্থনা পরিষেবার অংশ হতে আগ্রহী হয়ে থাকেন, তাহলে বিনামূল্যে আপনি আপনার নাম নথিভুক্ত করতে পারেন, এবং আমরা বিভিন্ন সংবাদ এবং সাক্ষ্যগুলি সম্পর্কে আপনাকে সর্বদা অবগত করবো। সিস্টার আন্দ্রিয়া ক্রিস্টমাস হেনরী এই পরিষেবার দায়িত্ব গ্রহণ করেছেন।



**সিস্টার আন্দ্রিয়া ক্রিস্টমাস হেনরী**

## সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলি



রেভা. ড. জন রাজারত্নম

আমরা সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের জন্য সক্ষম নেতৃবর্গ এবং শিক্ষক শিক্ষিকারে অন্বেষণ করছি।

এছাড়াও, আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি কার্যকরভাবে চালু আছে।

(১) তামিল ক্লাসগুলি — ভেলাচেরী, চীপক এবং সন্তোষপুরম (সপ্তাহে তিন দিন সান্ধ্য ক্লাস - সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার)

(২) হিন্দি ক্লাসগুলি — ভেলাচেরী (আবাসিক) অনুগ্রহ করে আপনাদের প্রার্থনায় রেভা. ড. জন রাজারত্নম মহাশয়কে তুলে ধরুন যেহেতু তিনি বরিষ্ঠ প্রিন্সিপাল হিসাবে এই উদ্যোগটিকে পরিচালনা করছেন।

## স্বীকৃতি এবং কৃতজ্ঞতা স্বীকার

আমরা আমাদের সহযোগি সম্পাদকগণ, অনুবাদকগণ, সাহায্যকারীগণ, অফিসের কর্মীগণ, ডিটিপি কর্মীগণ এবং মুদ্রণকারীদের সমর্পিত দলের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই, যাদের অক্লান্ত পরিশ্রমের জন্য আমরা ১৬টি ভাষায় তাঁর আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটির প্রকাশনা নিশ্চিত করতে পারছি। অনুগ্রহ করে এই ৭৫জন ব্যক্তিদের আপনাদের প্রার্থনায় স্মরণ করবেন।

আমাদের প্রধান মণ্ডলীতে এবং শাখা মণ্ডলীগুলিতে ১০০ জনের অধিক ব্যক্তি বিশ্বস্তভাবে সেবা করছেন— পাস্টর, সাণ্ডেস্কুল শিক্ষক শিক্ষিকা, প্রার্থনা দলনেতা, যুব নেতানেত্রী, এবং গৃহ প্রার্থনা দল সমন্বয়কারী হিসাবে তাঁরা কাজ করছেন। এই পরিচর্যাগুলির জন্য আমরা আপনাদের অবিরত প্রার্থনা এবং সাহায্যের বিষয় আন্তরিকভাবে কামনা করি।

তাঁর লোকদের মাধ্যমে আমাদের প্রত্যেকটি প্রয়োজন পূরণের জন্য আমাদের প্রভু যীশু খ্রীষ্টের উপর আস্থা রেখে, আমরা বিশ্বাসে দাঁড়িয়ে আছি। আমরা মানুষের শক্তির উপর বিশ্বাস করি না কিন্তু ঈশ্বরের প্রতিবিধানের উপর নির্ভর করি। এই পরিচর্যার জন্য প্রার্থনায় আমাদের সঙ্গে যোগদান করার বিষয় এবং প্রভু আপনাকে যেভাবে পরিচালিত করবেন সেই ভাবে আমাদের সাহায্য করার জন্য আমরা আপনাদের উৎসাহিত করছি।

প্রভু যখন ফিরে আসবেন তখন তিনি আপনাদের কর্ম অনুসারে আপনাদের পুরস্কৃত করবেন।

অনুগ্রহ আপনাদের সহবর্তী হউক।
তাঁর সেবায়,
***তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিবার।***
E.mail : sam@echoofhiscall.org

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

**— পাস্টর এস. স্যাম সেলভারাজ**

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

রেখেছিলেন, তারা বিশ্বাস করেছিলেন তিনি তাদের দীর্ঘ প্রতিক্ষিত মশীহ যিনি ইস্রায়েলকে উদ্ধার করবেন। কিন্তু এখন, তাঁর ক্রুশবিদ্ধ হওয়ার টাটকা ঘটনাটি তাদের হৃদয়কে বিষণ্ণ করে তুলেছে, তাদের স্বপ্নগুলো ধ্বংস হয়ে গেছে। তাঁর পুনরুত্থানের গুজবটি যদিও চারিদিকে ছড়িয়ে পড়তে শুরু করেছে, তাদের দুঃখ এবং সন্দেহ তাদের বোধশক্তিকে মেঘাচ্ছন্ন করে তুলেছে।

তারা যখন যাচ্ছিলেন, একজন অচেনা ব্যক্তি তাদের সঙ্গে যোগদান করেছিলেন—স্বয়ং যীশু— যদিও তাঁরা তাঁকে চিনতে পারেননি। তিনি যখন তাদের কথোপকথনের বিষয় জানতে চেয়েছিলেন, তারা তাদের দুঃখ এবং সন্দেহের বিষয়গুলি বলেছিলেন। যীশু ধৈর্যের সঙ্গে তাদের কথা শুনেছিলেন, তারপর নম্রভাবে তাদের তিরস্কার করেছিলেন:

**" তোমরা কত অবোধ! আর ভাববাদীরা**

**যে সব কথা বলে গেছেন, সেগুলি বিশ্বাস করতে তোমাদের মন কেমন শিথিল"** (লূক ২৪:২৫)!

তাঁর কথাগুলোর মধ্যে কঠোরতা ছিল না কিন্তু তিনি তাদের কোমলভাবে শাস্ত্রের প্রতিজ্ঞাগুলি স্মরণ করিয়ে দিয়েছিলেন— এটা স্মরণ করিয়ে দিয়েছিলেন যে প্রত্যেকটি প্রতিজ্ঞা, প্রত্যেকটি ঐশ্বরিক আশ্বাস বাণী সর্বদা তাঁর প্রতি নির্দিষ্ট করা হয়েছিল।

কত বার আমরা নিজেদেরকে শিষ্যদের স্থানে দেখতে পাই? আমরা ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি জানি, তথাপি যখন বিরোধীতা আঘাত করে, তাঁর সত্যের থেকে তখন আমাদের সমস্যার প্রতি আমাদের ফোকাস স্থানান্তরিত হয়ে যায়। আমাদের আবেগগুলো আমাদের বিশ্বাসকে ছায়াচ্ছন্ন করে, আমাদের নিরুৎসাহিত করে দেয়। কিন্তু অপরিবর্তনীয় বাস্তব টিকে থাকে: এমনকি যখন আমরা তাঁকে চিনতে পারি না, যীশু আমাদের সঙ্গে হাঁটছেন, তিনি আমাদের জীবনে নিজেকে প্রকাশ করার জন্য ধৈর্যসহকারে অপেক্ষা করছেন।

## যীশু মহান সান্ত্বনাদাতা

ইম্মায়ুর ঘটনাটির মধ্যে কি এমন ছিল যে যীশু তাঁর শিষ্যদের কাছে যাওয়ার বিষয়টি বেছে নিয়েছিলেন। তিনি সঙ্গে সঙ্গে তাদের কাছে মহানভাবে অথবা আনুষ্ঠানিকভাবে তাঁর পরিচয় প্রকাশ করেননি। তার পরিবর্তে, তিনি তাদের পাশাপাশি হাঁটছিলেন, তাদের দুঃখার্ত কথাবার্তা শুনছিলেন, শান্তভাবে তিনি তাদের উপলব্ধির দিকে পরিচালিত করছিলেন। এটি করার দ্বারা, তিনি আমাদের সংগ্রামগুলির বিষয় তাঁর গভীর সচেতনাতার বিষয়টি ব্যাখ্যা করেছিলেন। আমাদের ভগ্ন এবং দুঃখার্ত মুহূর্তগুলির মধ্যে তিনি আমাদের সঙ্গে মিলিত হন। তিনি তাৎক্ষণিকভাবে আমাদের বিশ্বাস দাবি করেন না অথবা রাতারাতি আমাদের সমস্ত যন্ত্রণা অদৃশ্য হয়ে যাবার বিষয়েও তিনি প্রত্যাশা করেন না। তার পরিবর্তে, তিনি তাঁর প্রেমময় উপস্থিতি এবং তাঁর সত্যের আরোগ্যকারী ক্ষমতা আমাদের দেন।

যন্ত্রণাকাতর বিচ্ছেদ, চাকরি হারানো, অথবা ব্যর্থতাগুলি পাহার প্রমাণ মনে হওয়ার সময় — কতবার আপনি নিজেকে হারিয়ে যাওয়ার বিষয় অনুভব করেছিলেন। এই মুহূর্তগুলিতে, আপনি ভাবতে পারেন ঈশ্বর কেন নীরব আছেন। তথাপি, সত্যটি হচ্ছে যে তিনি সর্বদা সেখানে আছেন— আপনার পাশাপাশি তিনি হাঁটছেন, তাঁর বাক্যের মাধ্যমে তিনি কথা বলছেন, এবং আপনি কখন তাঁকে চিনতে পারবেন সেই সময়টির জন্য তিনি ধৈর্যসহকারে অপেক্ষা করছেন। যীশু আমাদের বোঝাগুলিকে তাঁর উপস্থিতির মধ্যে নিয়ে আসার জন্য আমাদের আমন্ত্রণ জানাচ্ছেন, যাতে তিনি আমাদের দুঃখগুলিকে আশায় রূপান্তরিত করতে পারেন। ঠিক যেমন যোহন ১১:২৫ পদে ঘোষণা করা হয়েছে, আমি পুনরুত্থান এবং জীবন। যে আমাকে বিশ্বাস করে সে মরলেও জীবিত হবে। এই প্রতিজ্ঞাটি সুদূর ভবিষ্যতের জন্য নয় কিন্তু প্রতিদিন আমরা যে সমস্ত চ্যালেঞ্জগুলির সম্মুখীন সেই সমস্ত বিষয়গুলির জন্য।

## ঈশ্বরের বাক্যের শক্তি!

শিষ্যরা যখন যাচ্ছিলেন, যীশু তাদের সামনে শাস্ত্রের সত্যগুলি প্রকাশ করতে শুরু করেছিলেন। তাঁর দুঃখভোগ এবং চূড়ান্ত মহিমাপ্রাপ্ত হওয়ার বিষয়টির প্রতি ইঙ্গিত দানকারী — মোশি থেকে গীতসংহিতার— প্রত্যেকটি ভাববাণী প্রকাশ করেছিলেন। তাদের কথোপকথনের গভীরতার বিষয়টি কল্পনা করুন: প্রত্যেকটি বাক্য, প্রত্যেকটি ভাববাণী, প্রত্যেকটি ভবিষ্যতের আভাস হঠাৎ জীবন্ত হয়ে উঠেছিল। পরে যখন শিষ্যরা বিস্ময় প্রকাশ করেছিলেন তখন তাতে অবাক হওয়ার কিছু নেই, ..."**আমাদের সঙ্গে পথ চলতে চলতে তিনি যখন আমাদের কাছে শাস্ত্রের মর্মোদ্ঘাটন করছিলেন,তখন আমাদের কি আবেগ জনিত উত্তাপ অনুভব হচ্ছিল না?"** (লূক ২৪:৩২)।

## জীবন্তবাক্য এবং পুনরুত্থানের প্রতিজ্ঞা

বাইবেল অতীতের কোনও স্মৃতিচিহ্ন নয়;এটি জীবন্ত, সক্রিয় পথপ্রদর্শক (ইব্রীয় ৪:১২) যা আজও অবিরত আমাদের অন্তরে কথা বলে। আমরা যখন নিজেদেরকে শাস্ত্রের মধ্যে নিমজ্জিত করি, তখন আমরা আমাদের শান্তির প্রতি ভীতি প্রদর্শনকারী সন্দেহ এবং ভয়গুলিকে নীরব করার জন্য ঈশ্বরের সত্যকে আমন্ত্রণ জানাই। শিষ্যদের শারীরিকভাবে যীশুর উপস্থিতির প্রমাণের প্রয়োজন ছিল না — তাদের তাঁর বাক্যের উপলব্ধির জন্য জ্ঞানের উদ্ভাসের প্রয়োজন ছিল। আর যখন সেই জ্ঞানের উদ্ভাস তাদের হতাশাকে বিদ্ধ করেছিল, তাদের হৃদয় নবায়িত প্রত্যাশায় প্রজ্বলিত হয়েছিল।

রোমীয় ৬:৪ পদটি বিবেচনা করুন, যেখানে ঘোষণা করা হয়েছে, **"সেই কারণে আমরা মৃত্যুর উদ্দেশে বাপ্তিস্মের মাধ্যমে তাঁর সঙ্গে সমাধিপ্রাপ্ত হয়েছি, যেন খ্রীষ্ট যেমন পিতার মহিমার মাধ্যমে মৃতলোক থেকে উত্থিত হয়েছিলেন, তেমনি আমরাও এক নতুন জীবনযাপন করি।"** এইনতুন জীবন পুনরুত্থানের আশার ভিত্তির উপর নির্মিত হয়— যে আশা আমাদের ভেতর থেকে রূপান্তরিত করে, এমনকি অন্ধকারতম মুহূর্তগুলোর মধ্যেও আমাদের আত্মাকে নবায়িত করে।

## পুনরুত্থানের প্রতিজ্ঞা!

পুনরুত্থান কেবলমাত্র ঈস্টারের সকালের মধ্যে সীমাবদ্ধ একটি ঐতিহাসিক ঘটনা নয়;এটি আমাদের বিশ্বাসের কোনের প্রস্তর এবং পাপ ও মৃত্যুর উপর ঈশ্বরের ক্ষমতার একটি চূড়ান্ত ব্যাখ্যা প্রদর্শন। ১ করিন্থীয় ১৫:২০-২২ পদে, পৌল ঘোষণা করেন, **"কিন্তু খ্রীষ্ট সত্যিই মৃতদের মধ্য থেকে উত্থাপিত হয়েছেন, যারা নিদ্রাগত হয়েছে, তাদের মধ্যে তিনিই প্রথম ফলস্বরূপ। কারণ মৃত্যু যেহেতু একজন মানুষের মাধ্যমে এসেছিল, মৃতদের পুনরুত্থানও তেমনই একজন মানুষের মাধ্যমেই আসে। কারণ আদমে যেমন সকলের মৃত্যু হয়, তেমনই খ্রীষ্টে সকলেই পুনর্জীবিত হবে।"** এই স্পষ্ট সত্যটি আমাদের আশ্বাস দেয় যে মৃত্যুই শেষ নয়— আমাদের পরীক্ষাগুলি অথবা ব্যর্থতাগুলিও শেষ কথা নয়।

কবরের উপর যীশুর বিজয় হচ্ছে আমাদের জন্য একটি নিশ্চয়তা যে আমরাও, আমাদের সমস্ত পরিস্থিতিগুলির উর্ধে উঠতে পারি। যখন জীবনের ক্লেশগুলি আমাদের বিহুল করে, তখন পুনরুত্থান আমাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করার প্রস্তাব দেয়: আমাদের বর্তমান দুঃখভোগ অস্থায়ী, কিন্তু আমাদের অনন্তকালীন আশা অবিচল। এটি আমাদের যন্ত্রণাকে খারিজ করার আহ্বান নয় কিন্তু খ্রীষ্টের বিজয়ের লেন্সের মধ্যে দিয়ে দেখার উদ্দেশে একটি আমন্ত্রণ। তাঁর মধ্যে আমরা সহ্য করার শক্তি খুঁজে পাই, আশার সাহস পাই, এবং আমরা যা চোখে দেখি তার উর্দ্ধে ভবিষ্যতের প্রতিশ্রুতি আমরা দেখতে পাই।

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)



**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে এপ্রিল থেকে ১৮ই মে, ২০২৫)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**এপ্রিল ১৯ :** আমাদের **সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজগুলির সমস্ত কার্যকলাপে তাঁর পরিচালনার জন্য।**

**দিন ২০:** যোগ্য এবং সমর্পিত নতুন সদস্যদের নিযুক্ত করতে সক্ষমতার জন্য আমাদের সংস্থাকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২১:** আমাদের সমস্ত সহসম্পাদকদের জীবন এবং পরিবারগুলির জন্য।

**দিন ২২:** আমাদের সমস্ত মণ্ডলী, সাণ্ডে স্কুল, ইয়ূথ মিনিস্ট্রি, এবং হসপিটাল আউটরিচ কর্মসূচীগুলিকে অবিরত আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৩:** আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষা করার জন্য।

**দিন ২৪:** আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষা করার জন্য।

**দিন ২৫:** আমাদের **বাইবেলকোর-ডাকযোগে বাইবেল পাঠক্রম** এবং **ডাকযোগে ঈশ্‌তাত্বিক পাঠক্রমের উপর তাঁর অনুগ্রহের জন্য।**

**দিন ২৬:** ইউটিউব চ্যানেলের মাধ্যমে সম্প্রচারিত আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজের পাঁচ মিনিটের শক্তিশালী সাক্ষ্যগুলির জন্য।

**দিন ২৭:** ২০২৪-২০২৫ আর্থিক বর্ষে আমাদের সমস্ত প্রয়োজনগুলির জোগান এবং ঈশ্বরের পরিচালনার জন্য।

**দিন ২৮:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকেআশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৯:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য।

**দিন ৩০:** আমাদের মণ্ডলীর সমস্ত কার্যকলাপগুলিতে যুবক যুবতীদের সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে অনুপ্রাণিত এবং শক্তিশালী করার জন্য।

**মে ০১:** আমাদের মিশন কর্মীদের অবিচল প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ০২:** রাজনৈতিক এবং ধর্মীয় বিরোধীতার মধ্যে আমাদের খ্রীষ্টিয় পরিচর্যাগুলি এগিয়ে নিয়ে যেতে আমাদের সাহায্য করার জন্য।

**দিন ০২:** বিশ্ব অস্থিরতা এবং যুদ্ধের আতঙ্কের মধ্যে সমস্ত দেশগুলিকে স্বর্গীয় সুরক্ষা দান করার জন্য।

**দিন ০৩:** রাজনৈতিক এবং ধর্মীয় বিরোধীতা সত্ত্বেও আমাদের খ্রীষ্টিয় পরিচর্যাকে সুপ্রতিষ্ঠিত করতে সক্ষম করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজগুলিতে নতুন যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ০৫:** ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আমাদের সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন শিক্ষার্থীদের ভর্ত্তির জন্য।

**দিন ৬:** বিশ্বব্যাপী মণ্ডলীগুলিতে নতুন আত্মা জয় করার জন্য এবং উদ্দীপনার অভিজ্ঞতা লাভ করার জন্য।

**দিন ৭:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেসের কার্যকলাপ মসৃণভাবে চলার জন্য এবং দৈনিক কার্যকলাপগুলির জন্য।

**দিন ৮:** আমাদের সংস্থার সমস্ত কর্মীদের মধ্যে ঐক্য এবং সংহতি বজায় রাখার জন্য।

**দিন ৯:** আমাদের সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির উপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

**দিন ১০:** আমাদের পরিচর্যাগুলির পরিচালিত করার আর্থিক প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**দিন ১১:** পরিচর্যাগুলি এবং মিশনারীদের বিরুদ্ধে শারীরিক অত্যাচারের সমাপ্তির জন্য।

**দিন ১২:** উত্তর ভারতের মিশনারী এবং ঈশ্বরের দাসদের এবং তাদের পরিবারগুলির সুস্বাস্থ্যের জন্য এবং শক্তির জন্য।

**দিন ১৩:** চরমভাবাপন্ন আবহাওয়া যেভাবে পৃথিবীকে প্রভাবিত করছে তার থেকে স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১৪:** যে মায়েরা নিঃস্বার্থভাবে তাদের সন্তানদের প্রতিপালন করছেন তাদের জন্য।

**দিন ১৫:** সারা বিশ্বে যে সমস্ত রোগীরা কঠিন রোগে দীর্ঘ সময় হাসপাতালে শয্যাশায়ী আছেন তাদের আরোগ্যের জন্য।

**দিন ১৬:** পৃথিবীতে তাঁর রাজ্যের অগ্রগতির জন্য নতুন দর্শন এবং পরিচালনার জন্য।

**দিন ১৭:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রচার করার জন্য সাহস এবং সুযোগের জন্য।

**দিন১৮:** বিভিন্নভাবে আমাদের পরিচর্যাগুলির বৃদ্ধি এবং বিস্তারের জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

## পরীক্ষাগুলির মধ্যে আশা

পুনরুত্থানের আলোর মধ্যে জীবনযাপন করার অর্থ এটা নয় যে আমরা জীবনের চ্যালেঞ্জগুলি থেকে মুক্ত হই। রোমীয় ৮:১৮ পদে প্রেরিত পৌল আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন, **"আমি এরকম মনে করি যে,আমাদের মধ্যে যে মহিমার প্রকাশ ঘটবে, আমাদের বর্তমান কালের কষ্টভোগ তার কোনো তুলনা হতে পারে না।"** আমাদের জীবনের কষ্টভোগগুলি যতই বেদনাদায়ক হোক না কেন, তা আমাদের কাছে প্রতিশ্রুত অনন্ত জীবনের মহিমার আলোকে অস্থায়ী।

বাস্তবিক, আমাদের সংগ্রামগুলি সেই মৃত্তিকা হিসাবে কাজ করতে পারে যেখানে আমাদের বিশ্বাস মূলবিস্তার করে এবং বৃদ্ধি পায়। যাকোব ১:২-৪পদ আমাদের উৎসাহিত করে **"হে আমার ভাইবোনেরা, যখনই তোমরা বিভিন্ন প্রকারের পরীক্ষার সম্মুখীন হও, সেগুলিকে নির্মল আনন্দের বিষয় বলে মনে কোরো, কারণ তোমরা জানো যে, তোমাদের বিশ্বাস ধৈর্য উৎপন্ন করে। ধৈর্যকে অবশ্যই তার কর্ম সাধন করতে হবে, যেন তোমরা পরিপক্ক ও সম্পূর্ণ হয়ে উঠতে পারো।"** আমরা যখন পুনরুত্থানের আশার আশ্বাসের সঙ্গে জীবনের দুঃখকষ্ট সহ্য করি,তখন আমরা আমাদের মধ্যে বিদ্যমান একটি শক্তি আবিষ্কার করি যার অস্তিত্ব আমরা আগে কখনও জানতাম না।

## আশার একটি বাস্তব জীবন কাহিনী পুনরুদ্ধার

ইতিহাস এই ধরণের ব্যক্তিদের বর্ণনায় পরিপূর্ণ যারা বিহ্বলকারী ক্ষতির মধ্যে নবায়িত আশা খুঁজে পেয়েছিলেন। হোরাতিয় স্প্যাফোর্ডের গল্পটি এর মধ্যে একটি যিনি অকল্পনীয় গভীর দুঃখ সহ্য করেছিলেন। ১৮৭৩ সালে তিনি এক মর্মান্তিক জাহাজ দুর্ঘটনায় তাঁর চার কন্যাকে হারিয়েছিলেন। তাঁর দুঃখের গভীরতা ছিল অবর্ণনীয়। তথাপি, তাঁর হতাশার মাধ্যেও, খ্রীষ্টে তাঁর যে আশা ছিল তিনি সেই আশাকে আঁকড়ে ধরে ছিলেন। তাঁর শোকস্তব্ধ স্ত্রীর সঙ্গে পুনরায় মিলিত হওয়ার জন্য সমুদ্র যাত্রা করার সময়, স্পাফোর্ড সেই স্থানটি অতিক্রম করছিলেন, যেখানে তাঁর চারকন্যা সলিলসমাধি প্রাপ্ত হয়েছিল। সেখানে তাঁর সেই নিদারুণ যন্ত্রণার মাঝে, তিনি সেই প্রিয় সঙ্গীতটি রচনা করেছিলেন - "আমার আত্মার সঙ্গে এটি উত্তম" (It Is Well with My Soul)।

এই বিপুল ক্ষতির প্রতি স্পাফোর্ডের প্রতিক্রিয়াটি ইম্মায়ুর শিষ্যদের যাত্রার অবিকল প্রতিরূপ। তাঁর অন্তর ছিন্নভিন্ন হলেও, তাঁর বিশ্বাস অভগ্ন ছিল। তিনি বুঝতে পেরেছিলেন যখন ক্লেশভোগ অনিবার্য তখন হতাশাই শেষ কথা নয়। ঠিক যেমন রুটি ভাঙ্গার ঘটনাটির দ্বারা শিষ্যরা যীশুকে চিনতে পেরেছিলেন, স্পাফোর্ডও তাঁর অন্ধকারতম সময়—পুনরুত্থিত খ্রীষ্টের উপস্থিতি থেকে শান্তি এবং পুনরুদ্ধারের অভিজ্ঞতা লাভ করেছিলেন।

## তাঁর জীবনের আলোর মধ্যে জীবনযাপন করা

পুনরুত্থান মৃত্যুর উপর বিজয়ী হওয়া অপেক্ষা অধিক কিছু—এটি আমাদের জীবনের পুনরায় দাবিকরণের একটি আমন্ত্রণ। রোমীয় ৮:৩৭ পদে ঘোষণা করা হয়েছে, **...যিনি আমাদের প্রেম করেছেন, তাঁরই মাধ্যমে আমরা এসব বিষয়ে বিজয়ী থেকেও বেশি বিজয়ী হয়েছি।** এটিই হচ্ছে পুনরুত্থানের আশার রূপান্তরিত-করণের ক্ষমতা। এটি আমাদের জীবনের চ্যালেঞ্জগুলির মোকাবিলা করার শক্তি দান করে, এটি আমাদের মনে করিয়ে দেয় যে আমরা আমাদের সংগ্রাম দ্বারা নির্ধারিত হই না কিন্তু খ্রীষ্টের ভালোবাসা এবং বিজয় দ্বারা আমরা নিখুঁতভাবে নির্ধারিত হই।

এই জ্ঞানের আলোকে জীবনযাপন করার অর্থ হচ্ছে এটা বিশ্বাস করা যে প্রতিটি ক্লেশের একটি উদ্দেশ্য আছে এবং প্রত্যেকটি দুঃখ থেকে উদ্ধার লাভ করা যায়। এটি আমাদের এই সাহসের মধ্যে এবং বিস্তৃত অনুগ্রহের মধ্যে চলার আহ্বান করে এবং এই সত্যটিকে গ্রহণ করার আহ্বান জানায় যে, যে ক্ষমতা যীশুকে মৃত্যু থেকে তুলে ছিল, সেই একই ক্ষমতা আমাদের মধ্যেও বাস করে। এর অর্থ হচ্ছে আমাদের জীবনকে জীবন্ত সাক্ষ্য হতে দিতে হবে যাতে আশা—যতই ভঙ্গুর হোক না কেন—তা পুনরুদ্ধার এবং নবায়িত করা যেতে পারে।

## আশা নবীকরণের আহ্বান

ইম্মায়ুর গল্পটি একটি ঐতিহাসিক বর্ণনার চেয়ে অধিক — এটি আমাদের প্রত্যেকের জন্য একটি ব্যক্তিগত আমন্ত্রণ। এটি আমাদের স্মরণ করিয়ে দেয় যে এমনকি সন্দেহ এবং নিরাশার সময়েও, যীশু আমাদের পাশে পাশে হাঁটেন। তাঁর শান্ত উপস্থিতি আমাদের পুনরায় আশ্বস্ত করে যে ক্রুশই শেষ কথা নয়, এবং আমাদের বর্তমান ক্লেশও শেষ কথা নয়।

সুতরাং আমি আপনাদের প্রশ্ন করতে চাই:

আজ আপনি কি বোঝা বহন করছেন? আপনি কি আপনার চ্যালেঞ্জগুলির মাধ্যমে আপনার সঙ্গে চলার জন্য যীশুকে আমন্ত্রণ জানিয়েছেন?

আপনি কি আপনার আবেগগুলিকে আপনার বিশ্বাসের আকার তৈরী করতে দেন অথবা আপনি কি ঈশ্বরের বাক্যের অপরিবর্তনীয় সত্যের উপর অবিচল দৃঢ়রূপে দাঁড়িয়ে থাকে?


ECHO OF HIS CALL 1959-2019 REACHING NATIONS

# নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদুর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য), ঈশতত্ত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 55 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

এই ঈস্টারে, আপনি কি সন্দেহ থেকে বিশ্বাসে, হতাশা থেকে আশায় যেতে চান?

আপনি যদি আলো দেখতে সংগ্রাম করছেন, তাহলে এখন প্রার্থনা করার জন্য কয়েক মুহূর্ত সময় নিন। আপনার এই কষ্টের মধ্যে যীশুকে আমন্ত্রণ করুন, ঠিক তিনি যেমন তাঁর শিষ্যদের সঙ্গে হেঁটেছিলেন। আপনার বাইবেল খুলুন এবং যোহন ১১: ২৫-২৬ এবং ১ করিন্থীয় ১৫:২০-২২ অংশগুলির উপর ধ্যান করুন। এই কথাগুলো আপনাকে পুনরায় আশ্বস্ত করুক যে তিনিই পুনরুত্থান এবং জীবন। আপনার দুঃখকষ্ট যতই গভীর হোক না কেন সেটা কোনও বিষয় নয়, তাঁর আনন্দ সর্বদা বিদ্যমান, এবং তাঁর প্রেম অশেষ।

## পুনরুত্থানের দ্বারা জীবনের রূপান্তরণ গ্রহণ করুন!

পুনরুত্থানের আশার মধ্যে বাস করার বিষয়টি ভবিষ্যতের প্রতিশ্রুতিতে বিশ্বাস করার থেকে অধিক কিছু — এটি হচ্ছে ঐ আশাকে আপনার প্রাত্যহিক জীবনের আকার দিতে এবং রূপান্তরিত করতে দেওয়া। এর অর্থ হচ্ছে এমনকি যখন আপনার সামনের পথ অস্পষ্ট থাকবে তখনও বিশ্বাসে বাইরে পদক্ষেপ ফেলা,গভীর ক্ষত থাকা সত্ত্বেও ক্ষমাকে বেছে নেওয়া, এবং অসম্ভব মনে হলেও ভালোবাসা। ঠিক রোমীয় ১২:২ পদে আমাদের স্মরণ করিয়ে দেওয়া হয়েছে, **"আর তোমরা এই জগতের রীতি অনুযায়ী চলো না, কিন্তু তোমাদের মনে নবীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও"**। এই নবীকরণ সেই সময় শুরু হয় যখন আমরা বুঝতে পারি যে, ক্ষমতা যীশুকে মৃতদের মধ্যে থেকে উত্থিত করেছিল, সেই শক্তি আমাদের মধ্যেও কাজ করছেন— আমাদের হৃদয়কে পরিবর্তিত করছেন, আমাদের আত্মাকে শক্তিশালী করছেন, এবং আমাদের জীবনের দৃষ্টিভঙ্গিকে পুনরায় নির্ধারণ করছেন।

আপনি যখন সত্যি করে বিশ্বাস করবেন যে আপনার জীবনের প্রত্যেকটি কষ্ট ক্ষণস্থায়ী, প্রত্যেকটি বিপর্যয় আপনার বৃদ্ধির জন্য একটি সুযোগ, এবং প্রত্যেকটি কান্না হচ্ছে অনন্তকালীন আনন্দের দিকে যাওয়ার সিঁড়ি তখন আপনি কল্পনা করুন আপনার এই চ্যালেঞ্জগুলির মোকাবিলা করা কত ভিন্ন হবে। এটিই হচ্ছে পুনরুত্থানের আশার ক্ষমতা— এটি আমাদের সাহসে পূর্ণ করে যা কেবলমাত্র খ্রীষ্টকে জানার মধ্যে দিয়ে আসে।

## পুনরুত্থানের আশা গ্রহণ করার ব্যবহারিক ধাপগুলি!

আমরা যখন ঈস্টার এবং নতুন জীবনের প্রতিশ্রুতি উদ্‌যাপন করছি, তখন আমাদের দৈনিক চলার মধ্যে পুনরুত্থানের আশা উৎপন্ন করার কয়েকটি উপায় এখানে প্রদত্ত হল:

### ১। নিজেকে শাস্ত্রের মধ্যে নিমজ্জিত করুন!

প্রতিদিন ঈশ্বরের বাক্য পাঠ করার জন্য এবং ধ্যান করার জন্য নির্দিষ্ট সময় ঠিক করে রাখুন। আপনার আত্মাকে তাঁর প্রতিশ্রুতিগুলির মধ্যে ধরে রাখার জন্য রোমীয় ৬:৪, যোহন ১১: ২৫-২৬,এবং ১ পিতর ১:৩ পদগুলি ব্যবহার করতে পারেন।

### ২। অবিরত প্রার্থনা করুন!

ঈশ্বরের সঙ্গে সততার সঙ্গে, আন্তরিকভাবে কথা বলুন। তাঁর সামনে আপনার বোঝাগুলি নিয়ে আসুন, আপনি যে কখনও একা নন সেই বিষয়ে পুনরায় আশ্বস্ত হওয়ার জন্য তাঁর রব শুনুন।

### ৩। বিশ্বাসীদের সমাজে যোগদান করুন!

সেই সমস্ত লোকদের মধ্যে যোগ দিন যাদের কাছে আপনি আপনার বিশ্বাস এবং আশা সহভাগিতা করবেন, আপনার আত্মা শক্তিশালী হবে, এবং আপনার জীবনে ঈশ্বরের রূপান্তরিতকরণের সাক্ষ্যগুলি আপনি যখন বিনিময় করবেন তখন আপনার বিশ্বাস গভীর হবে।

....*Contd. on page 9*


## VERY URGENT NOTICE!




There may be some unavoidable difficulty in dispatching **Echo of His Call** by post in the very near future. Therefore, if you are really interested to receive **Echo of His Call** continuously, please send us your names, addresses, E.mail addresses and WhatsApp numbers through letters, E.mails, phone calls, WhatsApp or SMS messages immediately.

Please help us to serve you continuously.

**Our address:**

**ECHO OF HIS CALL,**
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai-600 005, India
Cell: (+91) 98412 71858 / 98410 71858
E.mail: sam@echoofhiscall.org

## URGENT NEED

PRINCIPAL & Teachers
for
**ST. PAUL'S MATRICULATION SCHOOL,**
An *Echo of His Call* Institution
Vijayanagaram, Medavakkam,
Chennai - 100.

We need well qualified, experienced, dedicated, hard working and mission oriented Christians.
Apply with Bio-data to
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| Account Name | : | ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : | 1023 2923 805 |
| Bank Name | : | STATE BANK OF INDIA |
| Branch | : | TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : | SBIN 0000249 |
| SWIFT Code | : | SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## "মরুভূমিকে তিনি জলাশয়ে আর শুকনো জমিকে জলপ্রবাহে পরিণত করেন" (গীতসংহিতা ১০৭:৩৫)

১৯৮৯ সালে, আমরা একটা ভাড়া ঘরে থাকতাম এবং সেখানেই উপাসনা সভা পরিচালনা করতাম। এছাড়াও, সি.এন.কে. রোডে আমাদের একটা ভাড়া বাড়ীতে আমাদের প্রার্থনা সভা এবং পরামর্শ কেন্দ্র পরিচালনা করা হতো। যাইহেক, অপ্রত্যাশিত ভাবে উভয় বাড়ীওয়ালা আমাদের তাদের ঘর খালি করে দিতে বলেছিলেন।

সেই সময়, আমি এবং আমার স্ত্রী সরকারী কর্মী ছিলাম। আমাদের স্থায়ী চাকরী থাকা সত্ত্বেও আমাদের আর্থিক অভাব ছিল এবং জনবলের অভাব ছিল, কারণ আমাদের উপার্জনের অধিকাংশ টাকাই আমরা প্রভুর বিভিন্ন কাজে খরচ করতাম। অন্য কোনও বিল্ডিংয়ে আমাদের ঘর, চার্চ এবং তাঁর আহ্বানের প্রতিধ্বনি কার্যালয় স্থানান্তরিত করার মতো টাকা আমাদের ছিল না। তার উপর বাড়ীওয়ালার সঙ্গে আমাদের হয়ে মধ্যস্থতা করার মতো কোনও লোকও আমাদের ছিল না। এই ধরণের কঠিন পরিস্থিতিতে আমাদের দুই সন্তানকেও অনেক কষ্টভোগ করতে হয়েছিল।

একদিন সকালে আমি দুই ঘণ্টা যাবৎ চীপক রাস্তা ধরে আমাদের ঘর, চার্চ এবং অফিসের জন্য একটা নতুন জায়গা খুঁজতে বেরিয়ে ছিলাম। প্রত্যেক পদক্ষেপে আমি তাঁর প্রতিবিধানের জন্য ঈশ্বরের প্রশংসা করছিলাম এবং তাঁর উপর আস্থা রেখেছিলাম।

রাস্তায় যেতে যেতে, দুজন বাড়ীর দালালের সঙ্গে আমার দেখা হয়েছিল এবং আমি তাদের কাছে আমাদের জরুরী প্রয়োজনের বিষয় ব্যাখ্যা করেছিলাম। তারা মুখের উপর জবাব দিয়েছিল:

"এই এলাকায় কেউ আপনাকে ঘর ভাড়া দেবে না। আপনারা উচ্চরবে প্রার্থনা করেন, 'হাল্লেলুইয়া' বলে চিৎকার করেন, এবং রাতের বেলায় বাজনা বাজিয়ে গান করেন। এই কারণে আমাদের দেবদেবীরা ক্রুদ্ধ হন, এবং তাদের শক্তি দুর্বল হয়ে যায়। যার ফলে,আমাদের কষ্টভোগ করতে হচ্ছে।"

নিরুৎসাহিত না হয়ে, আমি ধৈর্য এবং আশা নিয়ে, অবিরত হাঁটছিলাম। তারপর,আমার সঙ্গে এক রোমান ক্যাথলিক ব্রাদারের দেখা হয়েছিল এবং আমি তাঁর কাছে আমার অবস্থার কথা জানিয়েছিলাম। সে আমার কথা শুনেছিল এবং বলেছিল,

"ব্রাদার, একটা পোড়ো বাড়ী আছে, সেখানে কেউ থাকতে চায় না কারণ তারা বিশ্বাস করে বাড়ীটা ভুতুড়ে। এর আগে সেখানকার এক বাসিন্দা আত্মহত্যা করেছিল, তাই লোকেরা বিশ্বাস করে সেখানে মন্দ আত্মা বাস করে। কিন্তু যেহেতু আপনার মধ্যে পবিত্র আত্মা আছেন, সেহেতু ভূত তাড়ানোর শক্তি আপনার আছে, আপনি খুব কম ভাড়ায় ঘরটি নিতে পারেন।"

তার কথা আমার মধ্যে আনন্দ এবং আশা এনেছিল। যাইহোক, সেখানে একটা বড় বাধা ছিল — আমার কাছে সেই সময় অগ্রিম দেবার মতো ৫০ টাকাও ছিল না।

আমি ঘরে ফিরে এসেছিলাম, জানুপাত করেছিলাম, এবং স্বর্গীয় পিতার কাছে অবিরাম প্রার্থনা করেছিলাম। ঈশ্বর অবিশ্বাস্য ভাবে অলৌকিক কাজ সম্পাদন করেছিলেন।

ঠিক তার পরের দিনই,আমি দৈনিক খবরের কাগজে একটা বিজ্ঞাপন দেখেছিলাম, যেখানে লেখা ছিল:

"সরকারের সঙ্গে যুগ্ম সহযোগিতায় হাউসিং ডেভলপমেন্ট ফিনানসিয়াল করপোরেশন, স্থায়ী সরকারী কর্মীদের নিজস্ব গৃহ ক্রয় করার জন্য অগ্রিম আর্থিক সাহায্য দানের একটি প্রকল্প ঘোষণা করছে, যে আগে আসবে সে আগে পাবে ভিত্তিতে।"

কোনও দ্বিধা না করে, আমি অফিসে গিয়েছিলাম এবং তৎক্ষণাৎ আবেদন করেছিলাম। সাধারণত, এই ধরণের অগ্রিম মঞ্জুর হতে পাঁচ বছর সময় লাগে। যাইহোক, ঈশ্বরের অনুগ্রহে, আমি উল্লেখযোগ্য কম সময়ের মধ্যে প্রয়োজনীয় টাকা পেয়েছিলাম। আশ্চর্যজনক ভাবে, আমার টাকা লাভ করার অনতিবিলম্বেই প্রকল্পটি বন্ধ হয়েছিল।

ঐ টাকা দিয়ে, আমরা একটি পুরাতন বাড়ীসহ একটি জমি কিনেছিলাম, যা আমাদের নতুন আবাসস্থলে পরিণত হয়েছিল। আমরা আমাদের ঘর, চার্চ, এবং অফিস ঐ বিল্ডিংয়ে স্থানান্তরিত করেছিলাম। আমাদের যে ভয় ছিল, সেই অনুসারে আমরা মন্দ আত্মার উপস্থিতির কোনও চিহ্ন দেখতে পাইনি। ঈশ্বর আশ্চর্য উপায়ে আমাদের জোগান দিয়েছিলেন — নীচের তলায় আমাদের চার্চ প্রতিষ্ঠিত হয়েছিল, দোতলায় আমাদের থাকার ঘর, এবং তিন তলায় আমাদের অফিস প্রতিষ্ঠিত হয়েছিল।

কয়েক বছর পর, ঈশ্বর আমাদের পুরাতন বিল্ডিংটা ভেঙ্গে ফেলে একটি নতুন বিল্ডিং নির্মাণ করতে সক্ষম করেছিলেন। আজ, আমাদের প্রিন্টিং প্রেস, চার্চ, অফিস, এবং আবাসস্থল এই নতুন পরিকাঠামোর মধ্যে অবস্থিত।

১৯৯৪ সালে আমি যখন আমার সরকারী চাকরী থেকে অবসর গ্রহণ করেছিলাম, কোনও বকেয়া অর্থ ছাড়া ঈশ্বর আমার পুরো টাকা পেতে সাহায্য করেছিলেন। এখন, আমি আনন্দের সঙ্গে প্রভুর সেবা করছি।

**"আস্বাদন করো ও দেখো, সদাপ্রভু মঙ্গলময়!"** (গীত ৩৪:৮)।

************

(ক্রমশঃ, ৬ পৃষ্ঠার পর)

### ৪। আপনার বিশ্বাসে জীবনযাপন করুন !

পুনরুত্থানের আশা আপনার প্রাত্যহিক কার্যকলাপকে রূপদান করুক। যখনই ক্ষমা করার বিষয় হবে, অভাবী কোনও ব্যক্তির প্রতি দয়া দেখানোর প্রয়োজন হবে, অথবা অনিশ্চয়তা সত্ত্বেও বিশ্বাসে পদক্ষেপ ফেলার সুযোগ আসবে, আপনার জীবনে খ্রীষ্টের উদ্ধারকারী শক্তির সাক্ষ্য রাখুন।

### সমাপ্তির উৎসাহ দান:

এই ঈস্টারে, আপনি গভীর রূপান্তরণের অভিজ্ঞতা লাভ করুন—দুঃখ থেকে আনন্দে, সন্দেহ থেকে অবিচলিত বিশ্বাসে, এবং হতাশা থেকে আশায় রূপান্তরণের যা কখনও ব্যর্থ হয় না। যীশুর পুনরুত্থান কেবল একটি ঐতিহাসিক ঘটনা নয়; এটি হচ্ছে আমাদের বিশ্বাসের মূল ভিত্তি, যা ঘোষণা করে যে রাত্রি যতই অন্ধকারাচ্ছন্ন হোক না কেন, তাঁর জ্যোতির আলো চিরকাল উজ্জ্বল হবে।

আপনি যখন এই গভীর বিবেচনার সময়টি ছেড়ে চলে যাচ্ছেন, তখন আপনার যাত্রার প্রত্যেকটি পদক্ষেপে যীশু যে আপনার পাশে হাঁটছেন সেই আশ্বাসটি বহন করুন। আপনার সমস্ত ভার তাঁর উপর ছেড়ে দেবার জন্য এবং তাঁর প্রেম এবং বিজয়ের দ্বারা একটি নবায়িত জীবন গ্রহণ করার জন্য তিনি আপনাকে আমন্ত্রণ জানাচ্ছেন। তাঁর বাক্যের শক্তির উদ্দেশে আপনার হৃদয় সর্বদা উন্মুক্ত থাকুক, এবং তাঁর মাধ্যমে আপনি বিজয়ী অপেক্ষা অধিক বিজয়ী হওয়ার বিষয়টি জেনে, আস্থার সঙ্গে প্রতিটি দিনের মোকাবিলা করার শক্তি খুঁজে পান।

২ করিন্থীয় ৫:১৭ পদটির যুক্তি আপনার মধ্যে থাকুক:

**অতএব, কেউ যদি খ্রীষ্টে থাকে, সে এক নতুন সৃষ্টি হল; পুরাতন বিষয় সব অতীত হয়েছে, দেখো সব নতুন হয়ে উঠেছে।**

ঈস্টার যে নতুন জীবন দান করে তা আগ্রহের সঙ্গে গ্রহণ করুন। পুনরুত্থানের আশা আপনার চিন্তাভাবনাকে আলোকিত করুক, আপনার কার্যকলাপকে অনুপ্রাণিত করুক, এবং আপনার দিনগুলিকে অকম্পিত আনন্দে পরিপূর্ণ করুক যা কেবল খ্রীষ্ট দিতে পারেন।

আপনি জীবনের যে কোনও পরিস্থিতির মধ্যেই থাকুন না কেন সেটা কোনও বিষয় নয়, আপনি জানবেন, যীশু আপনার কাছেই আছেন। আপনার হৃদয় উন্মুক্ত করুন, তাঁর প্রতিশ্রুতিগুলির উপর আস্থা রাখুন এবং তিনি আপনার জন্য যে নতুন জীবন প্রস্তুত করেছেন তার মধ্যে নির্ভীকভাবে পদার্পণ করুন। এই আশার বাণীটি, পুনরুত্থানের শক্তির মধ্যে ভিত্তিস্থিত হোক, আপনার অন্ধকারতম মুহূর্তগুলিতে আপনি বাতিঘর হন।

আমেন।

************

# শ্রদ্ধার্ঘ



পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম

আমার প্রিয় আত্মার-বন্ধু, পাস্টর স্যাম সেলভা রাজের একমাত্র পুত্র, পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম, ফেব্রুমাসের ১৩, ২০২৫ তারিখে ঈশ্বরের রাজ্যে প্রবেশ করেছেন। যদিও তিনি আমাদের মধ্যে আর নেই, তাঁর উত্তরাধিকার আমাদের অন্তরে আছে।

আমরা ব্রাদার সেলভা রাজ, তাঁর পরিবার, এবং তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কর্মীদের প্রতি আমাদের গভীর সান্ত্বনা জ্ঞাপন করছি।

পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম ছিলেন একজন দয়ালু, সম্মানীয়, এবং স্থিতিস্থাপক ব্যক্তি। তাঁর উষ্ণ এবং অকম্পিত বিশ্বাস অগণিত ব্যক্তিকে তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার মধ্যে আকর্ষিত করেছিল, এবং যিহোশূয় যোদ্ধা আন্তর্জার্তিক তাঁর প্রভাবের সাক্ষ্য বহন করছে।

সমগ্র অন্তর দিয়ে ঈশ্বরের আহ্বান গ্রহণ করে, তিনি তাঁর ৪১ বছরের জীবনের মধ্যে ৩০ বছর একজন পালক হিসাবে প্রভুর সেবা করেছেন, তিনি কখনও জাগতিক বিলাসীতার অন্বেষণ করেননি। তিনি আত্মত্যাগসহ তাঁর পরিচর্যার কাজ চালিয়েছিলেন, কোন অভিযোগ না করে শারীরিক সমস্ত রকমের কষ্টভোগ তিনি সহ্য করেছিলেন।

তিনি জীবন ও মৃত্যুর গভীর সত্য উপলব্ধি করেছিলেন:

***"যে মৃত্যুকে উপলব্ধি করে সে বিজয়ী হয়।
একজন প্রকৃত বিজয়ী ভয় কি তা জানে না। কারণ যারা বিশ্বাসে চলে,
তাদের উপর মৃত্যুর কোনও কর্তৃত্ব নেই।"***

যখন অসংখ্য লোকেরা জীবনের ফলগুলি উপভোগ করার জন্য জন্মগ্রহণ করে, তখন পাস্টর অ্যালেকস্ ঈশ্বর ভক্তি এবং নিজেকে-অস্বীকার করার পথ বেছে নিয়েছিলেন। তাঁর এই অবিচল বিশ্বাসের কারণে, ঈশ্বর তাঁকে প্রচুররূপে আশীর্বাদ করবেন এবং তাঁর পাশে তাঁকে স্থান দেবেন — তিনি এই পৃথিবীতে এবং স্বর্গে স্বর্গীয় ধার্মিকতার একটি সাক্ষ্য।

আসুন আমরা দুঃখার্তভাবে নয় কিন্তু অবিচলিত হৃদয়ে তাঁর স্মৃতির প্রতি সম্মান জানাই। তাঁর আত্মা আমাদের সহবর্তি জেনে অবিচলিত প্রতিশ্রুতিবদ্ধতাসহ তাঁর আহ্বানের প্রতিধ্বনি মিশনের সঙ্গে থেকে আমরা তাঁর প্রতি সব থেকে বড় শ্রদ্ধার্ঘ নিবেদন করতে পারি।



পি.শিবাপ্রকাশম



সি.মুথু

আন্তরিক প্রার্থনাসহ
পি.শিবাপ্রকাশম এবং সি.মুথু এবং পরিবাব
(পাস্টর এস. স্যাম সেলভা রাজের ঘনিষ্ঠ বন্ধুগণ)

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**

**Please subscribe**

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

**- Editor**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**

*****

**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি,
মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস,
ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা　　**আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS Patrika Channel"**
**on 15th APRIL 2025**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**